

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত  
শরীয়তপুর কালেক্টরেট জামে মসজিদ  
শরীয়তপুর।

স্মারক নং-জেপ্র/শরী:/কালেক্টরেট মসজিদ/২০১৮- ০১


তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ  
০৩ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

শরীয়তপুর কালেক্টরেট জামে মসজিদ পরিচালনা কমিটির গত ০৬ অক্টোবর ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক শরীয়তপুর কালেক্টরেট জামে মসজিদে ০১(এক) জন ইমাম নিয়োগের নিমিত্ত আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

দরখাস্তের শর্তাবলী:

০১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশী নাগরিক হতে হবে।
০২. আগ্রহী প্রার্থীদেরকে জেলা প্রশাসক ও সভাপতি, কালেক্টরেট জামে মসজিদ, শরীয়তপুর বরাবর দরখাস্ত দাখিল করতে হবে।
০৩. প্রার্থীকে কামিল/সমমান পাশ হতে হবে। হাফেজ/মুফতি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে।
০৪. দরখাস্ত আগামী ১৯/১২/২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালীন ডাকযোগে অথবা সরাসরি জেলা প্রশাসকের কার্যালয়ে পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত/আগত দরখাস্ত গ্রহণযোগ্য নয়।
০৫. প্রার্থীর বয়সসীমা দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখে (১৯/১২/২০১৮) ৩০ হতে ৪০ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়। অধিক যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের বয়স শিথিলযোগ্য।
০৬. প্রার্থীকে বিবাহিত হতে হবে।
০৭. সম্মানীভাষা আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে।
০৮. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ, ঘসামাজা দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
০৯. দরখাস্তের সাথে সংযুক্ত সকল সনদ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীলসহ সত্যায়িত হতে হবে:-  
(ক) সদ্য তোলা সত্যায়িত ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সংযুক্ত করতে হবে  
(খ) সংশ্লিষ্ট পৌর মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি  
(গ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি  
(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ  
(ঙ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি  
(ছ) অন্যান্য অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) এর সত্যায়িত কপি
১০. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।
১১. কর্তৃপক্ষ যে কোন সময়ে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, শরীয়তপুর  
ও

সভাপতি  
ইমাম নিয়োগ কমিটি  
শরীয়তপুর কালেক্টরেট জামে মসজিদ।

(পাতা-০২)


পূর্ব পাতার পর:

স্মারক নং-জেপ্র/শরী:/কালেক্টরেট মসজিদ/২০১৮- ০১ (১৮)/১

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ  
০৩ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ০১। জেলা প্রশাসক, শরীয়তপুর।
- ০২। পুলিশ সুপার, শরীয়তপুর।
- ০৩। সিভিল সার্জন, শরীয়তপুর।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শরীয়তপুর সদর/জাজিরা / নড়িয়া / ভেদরগঞ্জ/ ডামুড্যা / গোসাইরহাট, শরীয়তপুর [বহুল প্রচারের অনুরোধসহ]।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, শরীয়তপুর সদর/জাজিরা / নড়িয়া / ভেদরগঞ্জ/ ডামুড্যা / গোসাইরহাট, শরীয়তপুর [বহুল প্রচারের অনুরোধসহ]।
- ০৬। সম্পাদক, দৈনিক রুদ্দবার্তা/ হুংকার শরীয়তপুর। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকার সকল সংস্করণে ভিতরের পৃষ্ঠায় স্বল্প পরিসরে (সাদা কালো রঙে) আগামী ০৫/১২/২০১৮ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে ০১(এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ✓ ০৭। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, শরীয়তপুর [উপরোক্ত বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]।
- ০৮। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, শরীয়তপুর।
- ০৯। সংরক্ষণ নথি।

  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, শরীয়তপুর

ও

সভাপতি

ইমাম নিয়োগ কমিটি  
শরীয়তপুর কালেক্টরেট জামে মসজিদ।